# প্রদেয় কর পরিশোধ করুন —
# দেশের অর্থনৈতিক কর্মকান্ডে আপনার অবদান রাখুন

## সেবা প্রদানকারীদের ক্ষেত্রে উৎসে কর কর্তনের নতুন হার সম্পর্কে জরুরী বিজ্ঞপ্তি

- পেশাগত বা প্রযুক্তিগত সেবা প্রদান (professional or technical services) অর্থাৎ আইনজীবী, চিকিৎসক, প্রকৌশলী, স্থপতি, চার্টার্ড একাউনটেন্ট অথবা প্রযুক্তি পরামর্শক, ব্যবস্থাপনা পরামর্শক, অভ্যন্তরীণ সাজসজ্জাকারীকে তাদের পেশাগত বা প্রযুক্তিগত সেবা প্রদানের জন্য প্রদেয় বিল হতে ১০(দশ) শতাংশ হারে উৎসে কর কর্তন করতে হবে। বিজ্ঞাপনী সংস্থাসমূহের ক্ষেত্রেও পেশাগত বা প্রযুক্তিগত সেবা প্রদানের জন্য প্রদেয় কমিশন হতে ১০ শতাংশ হারে উৎসে কর কর্তন করতে হবে।
- কোন আয় বছরে বিলের পরিমাণ ৬০,০০০/- (ষাট হাজার) টাকার বেশী না হলে কর কর্তনের প্রয়োজন হবে না। তবে বিলের অংক ৬০,০০০/- (ষাট হাজার) টাকার বেশী হলে সম্পূর্ণ অংকের উপরই কর কর্তন করতে হবে;
- সরকার, সরকারী কর্তৃপক্ষ, কর্পোরেশন বা এর বিভিন্ন ইউনিট, ব্যাংক ও বীমা কোম্পানীসহ সকল পাবলিক ও প্রাইভেট লিমিটেড কোম্পানী, বহুজাতিক কোম্পানী, জয়েন্ট ভেঞ্চার কোম্পানী এবং এনজিও ব্যুরোর রেজিষ্ট্রিকৃত সকল এনজিও প্রতিষ্ঠান কর্তৃক উল্লিখিত খাতে বিল প্রদানের সময় বর্ণিত হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে;
- ১লা জুলাই ১৯৯৮ইং থেকে এ বিধান কার্যকর হবে। ইতোমধ্যে এরূপ খাতে বিল প্রদান করা হয়ে থাকলে এবং উৎসে কর কর্তন না করা হলে বা কম হারে কর্তন করা হলে পরবর্তী বিল প্রদানের সময় তা সমন্বয় করতে হবে।

## মূসক নিবন্ধন নম্বর পরিবর্তন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

**বিষয় ঃ ১লা জানুয়ারী ১৯৯৯ থেকে পুরাতন ৮ ডিজিটের মূসক নিবন্ধন নম্বরের পরিবর্তে নতুন ১০ ডিজিটের মূসক নিবন্ধন নম্বর কার্যকর হওয়া প্রসঙ্গে।**

মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধন, টার্ণওভার কর ও কুটির শিল্প তালিকাভুক্তির জন্য আগ্রহী সম্মানিত ব্যক্তি ও প্রতিষ্ঠানের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ১৯৯৮-৯৯ অর্থ বছরের বাজেটে মূসক নিবন্ধন, টার্ণওভার কর ও কুটির শিল্পে তালিকাভুক্তির জন্য নতুন ফরম "মূসক - ৬" প্রণয়ন করা হয়েছে। এই ফরম শুধুমাত্র নতুন আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

০২। নতুন ফরমের পরিপ্রেক্ষিতে গ্রাহকদেরকে পুরাতন ৮ ডিজিটের মূসক নিবন্ধন নম্বরের পরিবর্তে নতুন ১০ ডিজিটের মূসক নিবন্ধন নম্বর প্রদান করা হবে।

০৩। বর্তমানে যাদের পুরাতন ৮ ডিজিটের মূসক নিবন্ধন নম্বর আছে ১লা জুলাই ১৯৯৮ থেকে স্বয়ংক্রিয়ভাবে তা ১০ ডিজিটের নম্বরে পরিবর্তিত করার প্রশাসনিক ব্যবস্থা নেয়া হয়েছে। আগামী ৩১/১২/৯৮ পর্যন্ত নতুন এবং পুরাতন উভয় মূসক নিবন্ধন নম্বরই সমান্তরাল ভাবে কার্যকর থাকবে। **১লা জানুয়ারী ১৯৯৯ থেকে শুধুমাত্র নতুন নম্বর কার্যকর হবে এবং ঐ তারিখ থেকে পুরাতন নম্বর কার্যকর থাকবে না।**

০৪। ৮ ডিজিটের মূসক নিবন্ধনধারীদের ১০ ডিজিটের নতুন মূসক নিবন্ধন পত্র সংগ্রহ করার লক্ষ্যে অক্টোবর '৯৮ থেকে স্ব স্ব কমিশনারেট/বিভাগে/সার্কেলে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল। এ বিষয়ে আরো বিস্তারিত জানার জন্য নিকটস্থ মূল্য সংযোজন কর অফিসে বা নিম্নলিখিত ঠিকানায় বা ফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

প্রথম সচিব
ফোন ঃ ৯৩৩৩৯৫৪
৮৩৮১২০-৬, এক্স - ২২৬।

দ্বিতীয় সচিব
ফোন ঃ ৪০৬৪১৬, ৪১২২১২,
৮৩৮১২০-৬, এক্স - (২৪৮, ৩৩৯)।

## মূল্য সংযোজন করের আওতায় নিবন্ধিত প্রতিষ্ঠান নিরীক্ষা সম্পর্কিত বিজ্ঞপ্তি

"জাতীয় রাজস্ব সংরক্ষণে অংশ নিন"
"মূসক অডিটে সহযোগিতা করুন"

১৯৯১ সালের ১লা জুলাই থেকে মূল্য সংযোজন কর ব্যবস্থা চালু হয়েছে। এই ব্যবস্থায় একজন করদাতা নিজেই পণ্য বা সেবা ভোক্তার নিকট খালাস/প্রদানের সময় প্রদেয় কর হিসাব করে তা সরকারী কোষাগারে জমা প্রদান করে থাকেন। অর্থাৎ কোন পণ্য উৎপাদনকারী/সেবা প্রদানকারী ভোক্তার নিকট থেকেই এই কর পণ্য বিক্রয়/সেবা প্রদানের সময় আদায় করে সরকারী কোষাগারে জমা দেন।

মূল্য সংযোজন কর ব্যবস্থাপনার দায়িত্ব হচ্ছে এই কর যথাযথভাবে হিসাব করে সঠিক সময়ে সঠিক পরিমাণে পরিশোধ করা হচ্ছে কিনা সে বিষয়টি যাচাই করে দেশীয় ভোক্তা কর্তৃক পরিশোধিত জাতীয় রাজস্ব সংরক্ষণ করা।

সঠিক সময়ে সঠিক পরিমাণ রাজস্ব আদায় নিশ্চিত করার লক্ষ্যে মূল্য সংযোজন কর ব্যবস্থাপনা সময়ে সময়ে নির্বাচিত কোন কোন করদাতা প্রতিষ্ঠানের কতিপয় কর্মকান্ড নিরীক্ষা করে থাকেন। এ জন্য আগে-ভাগেই নিরীক্ষার জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে নিরীক্ষায় প্রয়োজন হতে পারে এমন সকল হিসাব সম্বন্ধীয় দলিলপত্রসমুহ প্রস্তুত রাখার জন্য অবহিত করা হয়। সুতরাং নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আন্তরিক সহযোগিতা ছাড়া নির্ধারিত সময়ে এবং সুষ্ঠূ ও কার্যকরভাবে নিরীক্ষা সম্পাদন করা সম্ভব নয়।

মূল্য সংযোজন কর আইন ১৯৯১-এর ধারা ৩৪ অনুযায়ী এই আইনের অধীনে যে কোন ধরনের হিসাব সম্পর্কিত দলিলাদি চাওয়ামাত্র যে কোন নিবন্ধিত করদাতা প্রতিষ্ঠান তা নিরীক্ষা কর্মকর্তাগণকে দিতে বাধ্য, অন্যথায় তা ধারা ৩৭ অনুযায়ী দন্ডনীয় অপরাধ হিসাবে বিবেচিত।

এমতাবস্থায় মূল্য সংযোজন করের আওতায় নিবন্ধিত সকল করদাতা প্রতিষ্ঠানকে নিরীক্ষায় বা অডিটে সক্রিয় সহযোগিতা করার জন্য অনুরোধ করা যাচ্ছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অডিটের প্রাক্কালে অডিটকারী কর্মকর্তাদের যথাযথ আইডি কার্ড ও সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক জারিকৃত অডিট আদেশ আছে কিনা সে সম্পর্কে নিশ্চিত হতে পারেন।

## উৎসে কর কর্তন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

ঠিকাদার বা সরবরাহকারীদের বিল পরিশোধের (payment of bill) সময় উৎসে কর কর্তনের হার পুনর্বিন্যাস করা হয়েছে। পুনর্বিন্যাসকৃত হার নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | পরিশোধের (payment) পরিমাণ | কর্তনের হার |
|---|---|---|
| ১. | পরিশোধের পরিমাণ ২,০০,০০০/- টাকার অধিক না হলে; | শূণ্য |
| ২. | পরিশোধের পরিমাণ ২,০০,০০০/- টাকার অধিক, কিন্তু ১০,০০০,০০/- টাকার অধিক নয়; | ১.৫% |
| ৩. | পরিশোধের পরিমাণ ১০,০০,০০০/- টাকার অধিক, কিন্তু ২৫,০০০,০০/- টাকার অধিক নয়; | ২.৫% |
| ৪. | পরিশোধের পরিমাণ ২৫,০০,০০০/- টাকার অধিক; | ৩% |
| ৫. | তৈল বিপণনকারী কোম্পানী কর্তৃক তৈল সরবরাহের ক্ষেত্রে ঃ<br>(ক) পরিশোধের পরিমাণ ২,০০,০০০/- টাকার অধিক না হলে<br>(খ) পরিশোধের পরিমাণ ২,০০,০০০/- টাকার অধিক হলে | শূণ্য<br>০.৭৫% |

এ হার ১লা জুলাই, ১৯৯৮ইং থেকে কার্যকর হবে। ইতোমধ্যে পূর্বের হারে উৎসে কর কর্তন করা হয়ে থাকলে পরবর্তী বিল পরিশোধের সময় তা সমন্বয় করতে হবে।

# জাতীয় রাজস্ব বোর্ড

ডিএফপি-১৭৫৭৫-১৩/৮